

দুর্নীতির বিরুদ্ধে পদক্ষেপ নিলে ছাত্রলীগ অস্তিত্ব সংকটে পড়বে : ছাত্র ইউনিয়ন

বিশ্ববিদ্যালয় প্রতিবেদক

১৮ সেপ্টেম্বর ২০১৯ ০০:০০ | আপডেট: ১৮ সেপ্টেম্বর ২০১৯ ০০:২০

দুর্নীতির বিরুদ্ধে যথাযথ পদক্ষেপ নিলে ছাত্রলীগের অস্তিত্ব সংকটে পড়বে। গতকাল ঢাকা বিশ্ববিদ্যালয়ের বটতলায় বাংলাদেশ ছাত্র ইউনিয়নের ঢাকা বিভাগীয় শিক্ষা দিবসের সমাবেশে এ মন্তব্য করেন সংগঠনটির নেতারা।

সমাবেশে প্রখ্যাত শ্রমিক নেতা মঞ্জুরুল আহসান খান বলেন, শেখ হাসিনা যদি দুর্নীতির বিরুদ্ধে অ্যাকশনে নামে তা হলে এ দেশে ছাত্রলীগ নামে কোনো সংগঠন থাকবে না। আর শেখ হাসিনা যদি দুর্নীতিবাজ, লুটপাটকারী, নিপীড়ক ছাত্রলীগকে

বিলুপ্ত না করে, তা হলে তাকেই বিলুপ্ত হতে হবে।

অধ্যাপক আনু মুহাম্মদ বলেন, শিক্ষার উন্নয়ন বলতে এ সরকার কেবল অবকাঠামো গড়ে তোলাই বোঝে। কারণ অবকাঠামো গড়তে গিয়ে ওপর থেকে নিচ সব জায়গায় কমিশন যায়। গবেষণা, শিক্ষার মানোন্নয়ন থেকে কমিশনও পাওয়া যায় না, তাই গবেষণায় বাজেটও দেওয়া হয় না।

সমাবেশে অতিথি হিসেবে আরও উপস্থিত ছিলেন বাংলাদেশ ছাত্র ইউনিয়নের সভাপতি মেহেদী হাসান নোবেল ও সাধারণ সম্পাদক অনিক রায়।

advertisement